

# কাঁচামাল ও রাসায়নিকে মূল্যবৃদ্ধি

## সঙ্কটে ক্রাফট পেপার মিল

স্টাফ রিপোর্টার : কাঁচামাল ও রাসায়নিক পদার্থের অভূতপূর্ব মূল্যবৃদ্ধির কারণে চরম সঙ্কটে দেশের ক্রাফট পেপার তৈরির মিলগুলি। শিল্পমহলের খবর, অবিলম্বে এই অবস্থার পরিবর্তন না হলে পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাবে। এমনকী এর ফলে বেশ কিছু সংস্থা বন্ধ হওয়ার আশঙ্কা রয়েছে। দেশের অগ্রণী কাগজ উৎপাদনকারী সংস্থা বল্লভপুর পেপার ম্যানুফ্যাকচারিং লিমিটেডের অন্যতম নির্দেশক অমরেন্দ্র ভট্টাচার্য জানিয়েছেন, ক্রাফট পেপার সহ গোটা ইন্ডাস্ট্রিয়াল প্যাকেজিং পেপার শিল্প বর্তমান পরিস্থিতিতে গভীর সঙ্কটে পড়েছে। তিনি জানান, আবহাওয়ার দূষণ এড়ানোর জন্য তাঁরা অপ্রচলিত কাঁচামাল ব্যবহার করে থাকেন। যার অন্যতম হল ব্যবহৃত কাগজ। এর অধিকাংশই বিদেশ থেকে আমদানি করা হয়, অবশিষ্ট চাহিদা মেটানো হয় অভ্যন্তরীণ বাজার থেকে। গত দু'মাসের মধ্যে আমদানিকৃত কাগজের দাম দ্বিগুণের বেশি বেড়েছে। অভ্যন্তরীণ কাগজের দাম বেড়েছে ১৫ থেকে ২০ শতাংশ। একই সঙ্গে বেড়েছে প্রয়োজনীয় রাসায়নিক পদার্থের মূল্য। কিন্তু সেই অনুপাতে উৎপাদিত ক্রাফট পেপারের দাম যথাযথ বাড়ানো যাচ্ছে না।

অমলেন্দুবাবু জানান, প্রচুর ব্যয়সাপেক্ষে এই পেপার মিলটি তৈরি করা হয়েছে। যে অত্যাধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি এখানে রয়েছে তা গোটা দেশে খুঁজে পাওয়া ভার। এ ছাড়াও মিলের প্রয়োজনীয় বিদ্যুৎও সংস্থা নিজে উৎপাদন করে। কিন্তু উৎপন্ন দ্রব্যের দাম না বাড়ায় গোটা শিল্প পরিকাঠামোই সঙ্কটে পড়েছে।